

স্মারক নং-৩৮.০১.২০০০.০০০.৫২.০১৫.২৩. ৪৫

তারিখ: ০২ জানুয়ারি, ২০২৪

আদেশ

যেহেতু, জনাব জনাব মোহাম্মদ কামাল হোসেন, প্রধান শিক্ষক, উলুকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়, তিতাস, কুমিল্লা এর বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম ও দুর্নীতি সংক্রান্ত অপরাধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩ (খ) “অসদাচরণ” ও ৩ (ঘ) বিধি মতে “দুর্নীতি পরায়ন” এর অভিযোগে অভিযুক্ত করে গত ২১-১১-২০২৩ তারিখে বিভাগীয় মামলা-০৭/২০২৩ বুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার কর্মস্থল ও স্থায়ী ঠিকানা এবং ইমেইলে প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত প্রধান শিক্ষক ২৬-১০-২০২৩ তারিখে লিখিত জবাব দাখিল করেন ও তিনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করার ইচ্ছা পোষণ করেন এবং ১৭-১২-২০২৩ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত প্রধান শিক্ষক এর দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি ও সার্বিক বিষয় পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীত ভাবে প্রমাণিত হওয়ায় এবং অভিযোগের গুরুত্ব বিবেচনায় ‘বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ’ লুঘুদন্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

সেহেতু, জনাব মোহাম্মদ কামাল হোসেন, প্রধান শিক্ষক, উলুকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়, তিতাস, কুমিল্লা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৪ এর (২) (ঘ) উপবিধি মোতাবেক ‘বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ’ অর্থাৎ তার মূল বেতন ২৩৬৬০/- হতে ২২৫৩০/- টাকায় অবনমিতকরণ দন্ড প্রদান করা হলো। তার বেতন ২২৫৩০/- নির্ধারিত হবে এবং এ দন্ড ০১ জুলাই ২০২৪ থেকে কার্যকর হবে এবং পরবর্তী ০২ বছর পর্যন্ত বলবৎ থাকবে। অবনমিতকরণ বেতন ভবিষ্যতে তিনি বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

ড. মো: শফিকুল ইসলাম

বিভাগীয় উপপরিচালক

ফোন: ০২৩৩৩৩৫৫২৫৩

E-mail: ddchitt@gmail.com

স্মারক নং-৩৮.০১.২০০০.০০০.৫২.০১৫.২৩. ৪৫/০

তারিখ: ০২ জানুয়ারি, ২০২৪

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

১. মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক (পলিসি ও অপারেশন)
২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুমিল্লা।
৩. উপজেলা শিক্ষা অফিসার, তিতাস, কুমিল্লা (বর্ণিত প্রধান শিক্ষকের চাকুরি খতিয়ান বহিতে লিপিবদ্ধকরণের অনুরোধ করা হলো)।
৪. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, তিতাস, কুমিল্লা।
৫. জনাব মোহাম্মদ কামাল হোসেন, প্রধান শিক্ষক, উলুকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়, তিতাস, কুমিল্লা।
৬. সংরক্ষণ নথি।

ড. মো: শফিকুল ইসলাম

বিভাগীয় উপপরিচালক